গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
রাজস্ব (এসএ) শাখা
http://www.narsingdi.gov.bd

নম্বর: ৩১.৩০.৬৮০০.১০৭.৯৯.০৩২.২২-১০২০

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

## বালুমহাল ইজারা বিজ্ঞপ্তি

নরসিংদী জেলার নিম্নবর্ণিত বালুমহালটি "বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০" (সংশোধিত, ২০২৩) এবং ভূমি মন্ত্রণালয়ের ২২.০৩.১১ খ্রি: তারিখের ভূমি/শা/০৩/বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধি-১৭/২০১০ (অংশ)-১৫৩ নং স্মারক মোতাবেক নিম্নবর্ণিত শর্তাদি সাপেক্ষে ১৪৩০ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে ১ম ও ২য় দরপত্র আহবান করা যাচ্ছে। **উল্লেখ্য যে, ১ম দরপত্রে বালুমহালের দর গৃহীত হলে পরবর্তী দরপত্র দাখিলের প্রয়োজন হবে না**। বালুমহালটির তফসিল নিম্নে উল্লেখ করা হলো।

**ছক:**

| ক্রমিক নং | উপজেলার নাম | বালুমহালের নাম | বালুমহালের তফসিল (মৌজা/এলাকা/আয়তন/পরিমাণসহ) | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | রায়পুরা | মেঘনা নদী বালুমহাল কাৎলারচর, রায়পুরা, নরসিংদী | মৌজা: কাৎলারচর, আর এস ২৫৬ দাগের উত্তর ও পূর্বে ১০০০ ফুট (আনু:); আর এস-২৫৬ নং দাগের উত্তর ও পশ্চিমে ১০০০ ফুট (আনু:) পশ্চিম ও পূর্ব দিকের অংশ দৈর্ঘ্য ৪৭০০০ ফুট (আনু:) মোট= ৪০ হেক্টর । | ১,৩৩,৫৩,৯৯৬/- (এক কোটি তেত্রিশ লক্ষ তিপ্পান্ন হাজার নয়শত ছিয়ানব্বই) টাকা |

দরপত্র ক্রয় ও জমার সিডিউল নিম্নে প্রদান করা হলো।

**১ম দরপত্র:**

| দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র জমার তারিখ ও সময় | দরপত্র ক্রয়ের স্থান | দরপত্র জমার স্থান | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১৯.১১.২০২৩ খ্রি: তারিখ হতে ২১.১১.২০২৩ তারিখ পর্যন্ত সকাল ৯.৩০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২২.১১.২০২৩ খ্রি: সকাল ৯.৩০ টা হতে ৩.০০ টা | (০১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা। (০২) জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (০৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রায়পুরা, নরসিংদী | জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, (রুম নং-৩১৭) নরসিংদী | ২২.১১.২০২৩ খ্রি:, বিকাল ৩.৩০ টা |

**২য় দরপত্র:**

| দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র জমার তারিখ ও সময় | দরপত্র ক্রয়ের স্থান | দরপত্র জমার স্থান | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬.১১.২৩ খ্রি: তারিখ হতে ২৮.১১.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত সকাল ৯.৩০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২৯.১১.২০২৩ খ্রি: সকাল ৯.৩০ টা হতে ৩.০০ টা | (০১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা। (০২) জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (০৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রায়পুরা, নরসিংদী | জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, (রুম নং-৩১৭) নরসিংদী | ২৯.১১.২০২৩ খ্রি:, বিকাল ৩.৩০ টা |

ধার্য্য তারিখ ও সময়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকে) দরপত্র খোলা হবে। অসম্পূর্ণ/ক্রুটিযুক্ত তথ্য সম্বলিত দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রের শর্তাবলি দরপত্র ক্রয়ের স্থানে ও জেলা প্রশাসকের ওয়েবসাইট www.narsingdi.gov.bd এ ব্রাউজ করে জানা যাবে।

## শর্তাবলী:

০১। জেলা প্রশাসক, নরসিংদী বরাবর ১০০০/- (এক হাজার) টাকা ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) জমা দিয়ে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা/ জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (রাজস্ব শাখা) ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রায়পুরা, নরসিংদী কার্যালয় হতে নির্ধারিত আবেদন ফরম (সিডিউল) সংগ্রহ করতে হবে।

০২। জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী হতে তালিকাভূক্তি ব্যতীত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান ইজারা দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে না।।

০৩। বালুমহালের জন্য উদ্ধৃত্ত দর অংকে ও কথায় লিখতে হবে। খামের উপর বালুমহালের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি ও ঘষামাজা করা যাবে না ।

০৪। দরপত্রে উদ্ধৃত্ত মূল্যের ২৫% অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক, নরসিংদী বরাবর যে কোন সিডিউল ব্যাংক হতে প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দাখিল করতে হবে।

০৫। **ট্রেড লাইসেন্স ( হালনাগাদ নবায়নকৃত); বালুমহাল তালিকাভূক্তির লাইসেন্স (হালনাগাদ নবায়নকৃত) ও টি আই এন নম্বরসহ হালসন পর্যন্ত আয়কর প্রদানের সনদপত্র এবং সিডিউল ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।**

০৬। গৃহীত দরপত্রের দরদাতাকে ইজারামূল্যের উপর ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ১০% আয়কর ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে।

০৭। বালুমহালের দখল হস্তান্তরের পূর্বে বালুমহাল হতে কোন প্রকার বালু উত্তোলন করা যাবে না। ইজারা মূল্যের সমুদয় অর্থ পরিশোধের ১০ (দশ) দিনের মধ্যে ইজারাগ্রহীতাকে নিজ দায়িত্বে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

০৮। বালুমহালের আয়তন কম/বেশী হতে পারে। সরেজমিনে আয়তনের তারতম্য নিয়ে কোন আপত্তি করা যাবে না।

০৯। **কোনক্রমেই ইজারাকৃত বালুমহাল সাব-লীজ প্রদান করা যাবে না।**

১০। নদীর তলদেশ হইতে বালু বা মাটি উত্তোলনের ক্ষেত্রে যথাযথ ঢাল সংরক্ষণ সাপেক্ষে কাটিং ড্রেজার ব্যবহার করে সুয়িং করে নদীর তলদেশ

সুষম স্তরে খনন করতে হবে। **বালু উত্তোলনের সময় কোনক্রমেই চুম্বক ড্রেজার ব্যবহার করা যাবে না।**

১১। নির্ধারিত সীমানার বাহিরে কোনো বালু উত্তোলন করা যাবে না। ইজারাদার সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত বালু উত্তোলন করতে পারবেন।

১২। বালু উত্তোলনের সময় স্থানীয় জনগণের জমি কোনভাবেই ক্ষতিগ্রস্থ করা যাবে না এবং ক্ষতির সম্মুখীন হলে নিজ উদ্যোগে তা সমাধান করতে হবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় দরপত্র বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। নৌ-পরিবহন ও অন্যান্য মালবাহী নৌযান চলাচলে বিঘ্ন সৃষ্টি করা যাবে না।

১৫। **বছরের যে কোন সময় হতে ইজারা প্রদান করা হোক না কেন ইজারার মেয়াদ ৩০ শে চৈত্র ১৪৩০ বাংলা সন পর্যন্ত বলবৎ থাকবে ।**


১৬। ভুল, মিথ্যা তথ্য সংবলিত ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৭। উপরোক্ত শর্তাবলীর যে কোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৮। বালু উত্তোলনের ফলে সরকারি কোন সম্পত্তির ক্ষতি সাধিত হলে ক্ষতিপূরণ আদায়সহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯। বালুমহাল দখল গ্রহণের পূর্বেই পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করে প্রদত্ত শর্তাদি পালন করতে হবে।

২০। বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ( সংশোধিত, ২০২৩ ) এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর সকল শর্ত এবং প্রযোজ্য ক্ষেত্রে আদালতের নির্দেশনা (যদি থাকে) মেনে চলতে হবে।




১৫-১১-২০২৩
ড. বদিউল আলম
জেলা প্রশাসক
ফোন: +৮৮০২৯৪৬২৫০০
ফ্যাক্স: +৮৮০২৯৪৬৪৪৩৩
ইমেইল:
dcnarsingdi@mopa.gov.bd

নম্বর: ৩১.৩০.৬৮০০.১০৭.৯৯.০৩২.২২-১০২০/১(১৪)

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০ / ১৫ নভেম্বর ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো

১) সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪) বিভাগীয় কমিশনার, ঢাকা
৫) পরিচালক (ঢাকা অঞ্চল), পরিবেশ অধিদপ্তর, ঢাকা
৬) পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ১৫৩ পাইওনিয়ার রোড, সেগুন বাগিচা, ঢাকা
৭) পুলিশ সুপার, নরসিংদী
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নরসিংদী
৯) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নরসিংদী
১০) নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নরসিংদী
১১) উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী
১২) উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী
১৩) উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নরসিংদী
১৪) সহকারী কমিশনার (ভূমি), রায়পুরা, নরসিংদী



১৫-১১-২০২৩
ড. বদিউল আলম
জেলা প্রশাসক